গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ২:১৫ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়ন করার নিমিত্ত সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলের প্রতি আহবান জানান। তিনি উল্লেখ করেন, রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ কাজ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত নির্দেশনা ও সর্বশেষ প্রাপ্ত প্রাক্কলন, ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। এছাড়াও তিনি রাজশাহী বিভাগে ভূমিহীন-গৃহহীনমুক্ত উপজেলা ও জেলা ঘোষণার পরিকল্পনার আওতাধীন ২৫টি উপজেলায় গৃহ নির্মাণ কাজের অগ্রগতির হার সন্তোষজনক হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সম্পূর্ণ বিভাগকে ভূমিহীন-গৃহহীনমুক্ত বিভাগ ঘোষণার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সার্বিক গৃহ নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় পাবনা, নওগাঁ ও নাটোর জেলায় গৃহ নির্মাণ কাজের অগ্রগতি হার বৃদ্ধির উপর বিশেষ গুরুত্বারোপ করেন।

## ২. পুর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন:

সভায় জানুয়ারি, ২০২৩ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

## ৩. পুর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

জানুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপঃ

| ক্রমিক নং | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ০১ | ১৯/০১/২০২৩ খ্রি. | ০৫টি | ০৫টি | ১০০% |

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা হতে প্রাপ্ত ভূমিহীন ও গৃহহীন (ক শ্রেণি) পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় অবহিত করেন। পর্যালোচনায় দেখা যায়, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ০১/০২/২০২৩ তারিখে নওগাঁ জেলায় ১৭৭টি, সিরাজগঞ্জ জেলায় ১৮১টি; বগুড়া জেলায় ২০০টি, নাটোর জেলায় ১০টি ও পাবনা জেলায় ৪৮১টিসহ মোট রাজশাহী বিভাগে ১০৪৯টি ঘরের নতুন বরাদ্দ পাওয়ায় ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দ প্রাপ্ত গৃহরে সংখ্যা ৮৩১৪টি। তন্মধ্যে ৭৬৫৫টি ঘরের নির্মাণ কাজ শুরু হয়েছে এবং ঘরের নির্মাণ কাজের গড় অগ্রগতির হার ৭৪.০৫%। রাজশাহী জেলার তানোর ও গোদাগাড়ী উপজেলায় শতভাগ গৃহ বরাদ্দ পাওয়ায় এবং গৃহ নির্মাণ কাজের অগ্রগতি বিবেচনায় আগামী মার্চ, ২০২৩ মাসের মধ্যে সম্পূর্ণ রাজশাহী জেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ঘোষাণার বিষয়ে আলোচনা করা হয়। আগামী মার্চ, ২০২৩ মাসের ৩য় সপ্তাহের পূর্ব রাজশাহী বিভাগের রাজশাহী, জয়পুরহাট ও চাঁপাইনববগঞ্জ জেলাকে সম্পূর্ণরুপে ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ঘোষাণার বিষয়ে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। অতঃপর সভায় নিম্নরূপ তথ্যাদি উপস্থাপিত হয়:

## ৪. একনজরে রাজশাহী বিভাগে ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ অগ্রগতির তথ্য:

| জেলার নাম | ৪র্থ পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত মোট ঘরের সংখ্যা | অগ্রগতি (%) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ০% (ঘরের সংখ্যা) | ১০% (ঘরের সংখ্যা) | ৩০% (ঘরের সংখ্যা) | ৫০% (ঘরের সংখ্যা) | ৬০% (ঘরের সংখ্যা) | ৮০% (ঘরের সংখ্যা) | ৮৫% (ঘরের সংখ্যা) | ৯০% (ঘরের সংখ্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| রাজশাহী | ১৪৫১ | ০ | ০ | ০ | ১৫৭ | ১১৬ | ৫০ | ০ | ০ |
| নাটোর | ১২৮৯ | ০ | ৫ | ৭৬ | ১২০ | ১১৪ | ১৩৬ | ১৭৫ | ১৭৮ |
| নওগাঁ | ১৪৯২ | ০ | ১৫৭ | ২০ | ৬৮ | ২৪৮ | ২২৯ | ২০২ | ২৪২ |
| চাঁপাইনবাবগঞ্জ | ২৩০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পাবনা | ১৫১৮ | ৩৫১ | ২৮৩ | ৮৪ | ১৯ | ৪৭ | ১২৮ | ৩৩ | ১২৮ |
| সিরাজগঞ্জ | ৬০২ | ০ | ১০৭ | ১২ | ০ | ৫৪ | ০ | ৫০ | ৪৮ |
| বগুড়া | ১২১২ | ০ | ০ | ৮ | ১৬৪ | ১১০ | ২৩২ | ৯৩ | ৮৭ |
| জয়পুরহাট | ১৩৯ | ০ | ০ | ০ | ০ | ৪ | ৫ | ৭ | ২৫ |
| বিভাগের মোট | ৭৯৩৩ | ৩৫১ | ৫৫২ | ২০০ | ৫২৮ | ৬৯৩ | ৭৮০ | ৫৬০ | ৭০৮ |

## ৫। ফেব্রুয়ারি, ২০২৩ মাসের মধ্যে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণার জন্য পরিকল্পনার আওতাধীন ২৫টি উপজেলার গৃহ নির্মাণের অগ্রগতির তথ্য নিম্নরুপ:

| ক্র: নং | জেলার নাম | উপজেলার নাম | ৪র্থ পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত মোট গৃহের সংখ্যা | গড় অগ্রগতি (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনাবগঞ্জ সদর | ৭৫ | ১০০ |
| ২ | | গোমস্তাপুর | ৭৫ | ১০০ |
| ৩ | | নাচোল | ৮০ | ১০০ |
| ৪ | | ভোলাহাট | (৩য় পর্যায়ে ১০০% কাজ সম্পন্ন) | |
| ৫ | | জয়পুরহাট সদর | ৪৯ | ১০০ |
| ৬ | | আক্কেলপুর | ৩৫ | ৮৭.৮৬ |
| ৭ | জয়পুরহাট | কালাই | ২৫ | ৯৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ৮ | | ক্ষেতলাল | ৩০ | ৯১.৩৩ |
| ৯ | রাজশাহী | পবা | ২৮৮ | ১০০ |
| ১০ | | পুঠিয়া | ২৫৪ | ১০০ |
| ১১ | | দূর্গাপুর | ১১১ | ১০০ |
| ১২ | | বাগমারা | ৭৫ | ১০০ |
| ১৩ | নওগাঁ | আত্রাই | ৪৫ | ৮৯.৮৯ |
| ১৪ | | নিয়ামতপুর | ১৬০ | ৭৬.১৩ |
| ১৫ | | ধামইরহাট | ১৪০ | ৮৫.৪৩ |
| ১৬ | নাটোর | গুরুদাসপুর | ১০০ | ৬৩.৭৫ |
| ১৭ | | লালপুর | ১৫৫ | ৮৫.০৩ |
| ১৮ | পাবনা | পাবনা সদর | ৬৩ | ৮৮.১৭ |
| ১৯ | | আটঘরিয়া | ১২০ | ৭৭.৫৪ |
| ২০ | | সাঁথিয়া | ১৪২ | ৮৬.১৩ |
| ২১ | **সিরাজগঞ্জ** | **কাজিপুর** | ৩০ | ৮৫ |
| ২২ | | **উল্লাপাড়া** | ১০৭ | ১০০ |
| ২৩ | | **রায়গঞ্জ** | ১০০ | ১০০ |
| ২৪ | বগুড়া | কাহালু | ১০ | ৯৮ |
| ২৫ | | ধুনট | ২৮ | ১০০ |

**৬। মুজিববর্ষ উপলক্ষ্যে ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য গৃহ নির্মাণ সংক্রান্ত তথ্য:**

| জেলার নাম | ৪র্থ পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহের নির্মাণ কাজের তথ্য | | | | অবশিষ্ট “ক” শ্রেণির পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | ৪র্থ পর্যায়ে মোট বরাদ্দপ্রাপ্ত গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়েছে এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুরু হয়নি এমন গৃহের সংখ্যা | নির্মাণ কাজ শুর না হওয়ার কারণ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| রাজশাহী | ১৪৫১ | ১৪৫১ | ০ | ০ | ০ |
| চাঁপাইনবাবগঞ্জ | ২৩০ | ২৩০ | ০ | ০ | ০ |
| নওগাঁ | ১৪৯২ | ১৪৯২ | ০ | ০ | ০ |
| নাটোর | ১২৮৯ | ১২৮৯ | ০ | ০ | ২০৮ |
| পাবনা | ১৫১৮ | ১১৬৭ | ৩৫১ | বি:দ্র:-ক | ০ |
| সিরাজগঞ্জ | ৭৮৩ | ৫৫৫ | ২২৮ | বি:দ্র:-খ | ৩০৫ |
| বগুড়া | ১৪১২ | ১৩৩২ | ৮০ | বি:দ্র:-গ | ৬৭ |
| জয়পুরহাট | ১৩৯ | ১৩৯ | ০ | ০ | ০ |
| **বিভাগের মোট** | **৮৩১৪** | **৭৬৫৫** | **৬৫৯** | | **৫৮০** |

**বি:দ্র:-ক পাবনা জেলায় বরাদ্দপ্রাপ্ত ৩৫১টি ঘরের কাজ শুরু না হওয়ার কারণ:**

১। পাবনা জেলার চাটমোহর ও সুজানগর উপজেলায় ০১/০২/২০২৩ তারিখে (৬৬+৫৩)= ১১৯টি গৃহের বরাদ্দ পাওয়া গিয়েছে। ঘরগুলোর লে-আউট প্রদানের কার্যক্রম চলমান।

২। পাবনা জেলার বেড়া উপজেলায় ১৭৭টি ঘরের জমি ক্রয়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে নির্মাণ কাজ শুরু হবে এছাড়াও ৫৫টি গৃহ নির্মাণের জন্য ভরাটকৃত মাটি কম্প্যাকশন হওয়া সাপেক্ষে নির্মাণ কাজ শুরু হবে।

**বি:দ্র:-খ সিরাজগঞ্জ জেলায় বরাদ্দপ্রাপ্ত ২২৮টি ঘরের কাজ শুরু না হওয়ার কারণ:**

১। সিরাজগঞ্জ জেলায় শাহজাদপুর উপজেলায় ৮১টি প্রস্তাবিত ভূমি পুনঃগ্রহণের মাধ্যমে খাস করা হলে নির্মাণ কাজ শুরু করা হবে।

২। সিরাজগঞ্জ জেলায় তাড়াশ উপজেলায় ৩০টি ভরাটকৃত মাটি কম্প্যাকশন হওয়া সাপেক্ষে নির্মাণ কাজ শুরু হবে।

৩। সিরাজগঞ্জ জেলায় চৌহালী উপজেলায় ১০টি ঘরের গাইডওয়াল নির্মাণের পর কাজ শুরু করা হবে।

৪। সিরাজগঞ্জ জেলায় কামারখন্দ উপজেলায় ১০৭টি ঘরের DCP টেস্ট এ ভরাটকৃত মাটি কম্প্যাকশন রিপোর্ট নেগেটিভ আসায় কাজ শুরু করতে বিলম্ব হচ্ছে।

**বি:দ্র:-খ বগুড়া জেলায় বরাদ্দপ্রাপ্ত ৮০টি ঘরের কাজ শুরু না হওয়ার কারণ:**

১। বগুড়া জেলার সদর উপজেলায় ৫০টি ঘরের জমি ক্রয়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে নির্মাণ কাজ শুরু হবে।

২। বগুড়া জেলার গাবতলী উপজেলায় ৩০টি ঘরের উপযুক্ত খাস জমি চিহ্নিত করার কাজ চলমান রয়েছে ।

**৭। বিস্তারিত আলোচনা করত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:**

| | |
|---|---|
| ০১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরসমূহে পুনর্বাসনের লক্ষ্যে চিহ্নিত ভূমিহীন-গৃহহীন (ক শ্রেণি) পরিবারের অনুকূলে বাড়ীসহ জমি বন্দোবস্ত প্রদান, কবুলিয়ত সম্পাদন ও নামজারি খতিয়ান সৃজনসহ আনুষঙ্গিক আবশ্যক কার্যাদি শতভাগ সম্পন্ন করতে হবে।<br><br>০২। মার্চ, ২০২৩ মাসের ৩য় সপ্তাহের পূর্বে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ও উপজেলা ঘোষণার লক্ষ্যে রাজশাহী বিভাগের রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট জেলাকে সম্পূর্ণরূপে ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ঘোষণার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>৩। পাবনা, সিরাজগঞ্জ ও বগুড়া জেলায় ঘর নির্মাণের জন্য আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয় হতে অর্থ বরাদ্দ পাওয়ার পর জমি ক্রয়/মাটি ভরাট/খাস জমি চিহ্নিতকরণ সমস্যার কারণে শূন্য অগ্রগতি সম্পন্ন যে সকল ঘর রয়েছে সে সকল ঘরের নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে।<br><br>৪। ভূমিহীন-গৃহহীনমুক্ত জেলা ও উপজেলা ঘোষণার লক্ষ্যে ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণির) পরিবারের তালিকা শতভাগ যাচাই করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩১ মার্চ ২০২৩ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪ .৪৭৬.২২.৩৯৯ সংখ্যাক পরিপত্র অনুসরণ করতে হবে। জেলা/উপজেলাসমূহকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণা করার প্রস্তাব আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৫। ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরসমূহে বিদ্যুৎ ও পানি সংযোগ নিশ্চিত করতে হবে।<br><br>৬। গৃহ নির্মাণের সাপ্তাহিক অগ্রগতি পর্যালোচনা করতে হবে। নওগাঁ, নাটোর ও পাবনা জেলায় গৃহ নির্মাণের অগ্রগতি বাড়াতে হবে। | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২৩.১৭৭

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯
২৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ প্রকল্প-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৬) উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/সিরাজগঞ্জ/পাবনা সদর/পাবনা/বগুড়া সদর/বগুড়া/নাটোর/জয়পুরহাট/নওগাঁ।
৭) সহকারী কমিশনার (ভূমি), রাজশাহী/চারঘাট/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
৮) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার